Total number of pages—8

24T-MBEN

# 2014

# BENGALI

(MODERN INDIAN LANGUAGE)

**Full Marks : 100**

**Pass Marks : 30**

**Time : Three hours**

***The figures in the margin indicate full marks for the questions.***

GET IT ON Google Play
Install Now
AHSEC Question Paper Commerce HS 2nd Year ASSAM
HS Commerce Question Paper
BELLAL HOSSAIN MONDAL©

Contd.

১। অর্থ লেখো ঃ ১+১=২

(ক) পরিত্রাণ অথবা বৌদ্ধ।

(খ) অভিরুচি অথবা প্রাঙ্গণ।

২। অতি সংক্ষিপ্ত উত্তর দাও ঃ ১×৮=৮

(ক) কোরাণ কাদের ধর্মগ্রন্থ?

(খ) কবি জসিমউদ্দিনকে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় কোন সম্মানে ভূষিত করেছিলেন?

(গ) 'সাম্যবাদী' কবিতাটি প্রথম কোন পত্রিকায় প্রকাশিত হয়েছিল?

(ঘ) 'রূপসী বাংলা' কাব্যগ্রন্থটি কত সালে প্রকাশিত হয়েছিল?

(ঙ) 'বিড়াল' রচনাটিতে একজন গোয়ালিনীর উল্লেখ আছে। তার নাম কী?

(চ) William Beebe রচিত গ্রন্থটির নাম কী?

(ছ) ১৯৭৯ সালে রাষ্ট্রীয় শিক্ষা এবং গবেষণা পরিষদ কত প্রকার মূল্যবোধের তালিকা প্রস্তুত করেছেন?

(জ) কৈশোরকাল শিশু বিকাশের কোন স্তর?

BELLAL HOSSAIN MONDAL

৩। টীকা লেখো ঃ ২+২=৪

(ক) বেহুলা অথবা কন্‌ফুসিয়াস।

(খ) চার্বাক অথবা আধ্যাত্মিক মূল্যবোধ।

৪। *যে কোনো তিনটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৩×৩=৯

(ক) সাধারণ লোকের বিচারে ভুল হয় কেন, 'বৈজ্ঞানিক বুদ্ধি' পাঠটি অবলম্বনে লেখো।

(খ) নরেশ ও পরেশের স্বভাবের মিল ও অমিল সম্পর্কে লেখো।

(গ) গুরুচরণের ছেলে বিমল সম্পর্কে যা জান লেখো।

(ঘ) "অনাহারে মরিয়া যাইবার জন্য এ পৃথিবীতে কেহ আইসে নাই" — উক্তিটি কার? প্রসঙ্গপূর্বক উক্তিটি আলোচনা করো।

৫। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৩×২=৬

(ক) "সম্মুখে দাঁড়ায়ে রেখে তবু কোলে দাও নাই স্থান" — অর্থ পরিস্ফুট করো।

(খ) "কিন্তু কেন এ পণ্ডশ্রম, মগজে হানিছ শূল" — এখানে কবি পণ্ডশ্রম বলতে কী বোঝাতে চেয়েছেন, লেখো।

(গ) 'বাংলার মুখ আমি দেখিয়াছি' কবিতাটিতে কী কী গাছের উল্লেখ আছে লেখো।

৬। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৩×২=৬

(ক) মূল্যবোধ বলতে কী বোঝায়? কীভাবে এই মূল্যবোধ সৃষ্টি হয়?

(খ) শিশু বিকাশের ধারাকে রুশো কয়টি ভাগে ভাগ করেছিলেন? সেগুলো কী কী?

BELLAL HOSSAIN MONDAL

(গ) "আত্মনির্ভরশীলতা, আত্মসম্মানবোধ ও নিজস্বতার সংঘাত" কৈশোরকালের একটি বৈশিষ্ট্য। — আলোচনা করো।

৭। সপ্রসঙ্গ ব্যাখ্যা করো ঃ ৫+৫=১০

(ক) বন্ধু, বলিনি ঝুট,
এইখানে এসে লুটাইয়া পড়ে সকল রাজমুকুট।

**অথবা**

একদিন অমরায় গিয়ে
ছিন্ন খঞ্জনার মতো যখন সে নেচেছিল ইন্দ্রের সভায়
বাংলার নদী মাঠ ভাঁটফুল ঘুঙুরের মতো তার কেঁদেছিল পায়।

(খ) গত একশ দেড়শ বৎসরের মধ্যে এক নূতন রকম আপ্তবাক্য সকল দেশের জনসাধারণকে অভিভূত করেছে — বিজ্ঞাপন।

**অথবা**

অধর্ম চোরের নহে, চোরে যে চুরি করে, সে অধর্ম কৃপণ-ধনীর।

৮। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫+৫=১০

(ক) "পল্টুকে উভয়ে ভালোবাসিতেন।"

'উভয়ে' বলতে কার কার কথা বলা হয়েছে? পাঠ্যাংশ অবলম্বনে সেই ভালোবাসার পরিচয় দাও।

**অথবা**

গুরুচরণ ও হরিচরণ এই দুই ভাইয়ের চারিত্রিক বৈষম্য বর্ণনা করো।

BELLAL HOSSAIN MONDAL

(খ) "দুর্ভাগা দেশ" কবিতায় কবির বক্তব্যের একটি সারসংক্ষেপ প্রস্তুত করো।

**অথবা**

"বাঙলার মুখ আমি দেখিয়াছি" কবিতাটি অবলম্বনে জীবনানন্দের প্রকৃতি প্রীতির পরিচয় দাও।

BELLAL HOSSAIN MONDAL

৯। (ক) সূত্র নির্দেশ করে সন্ধি বিচ্ছেদ করো : *(যে কোনো চারটি)* ১×৪=৪

রবীন্দ্র; পাবক; মহৌষধি; রমেশ; পিত্রালয়; বোধোদয়।

(খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো : *(যে কোনো তিনটি)* ৩×২=৬

গায়েহলুদ; নীলাকাশ; ত্রিভুবন; দেশান্তর; দম্পতি।

(গ) প্রত্যয় নির্ণয় করো : *(যে কোনো চারটি)* ১×৪=৪

রান্না; ঢাকাই; মিশুক; লৌকিক; গাড়োয়ান; খাইয়ে।

(ঘ) নিম্নলিখিত বাগ্‌বিধিগুলির অর্থ লেখো এবং বাক্য রচনা করো : *(যে কোনো দুটি)* ২×২=৪

সুখের পায়রা; দিনে ডাকাতি; চিনির বলদ; মানিক জোড়।

(ঙ) নিম্নলিখিত প্রবাদগুলির অর্থ লেখো : *(যে কোনো দুটি)* ১×২=২

চোরে চোরে মাসতুতো ভাই; নাচতে না জানলে উঠান বাঁকা; অভাবে স্বভাব নষ্ট; কষ্ট বিনা কেষ্ট মেলে না।

১০। (ক) ***যে কোনো একটি*** বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো ঃ ১৫

১। সভ্যতায় বিজ্ঞানের অবদান।

২। অসমের বন্যা ও তার প্রতিকার।

৩। স্বামী বিবেকানন্দ।

৪। দেশভ্রমণ শিক্ষার অঙ্গ।

(খ) সারাংশ লেখো ঃ ১০

ধনে কি মানুষ বড় হয়? ধনের বড় মানুষ কখনোই মনের বড় মানুষ নহে। আমি ধন দেখিয়া তোমাকে সমাদর করিব না, ধন দেখিয়া তোমাকে আদর করিব না, সিংহাসন দেখিয়া তোমাকে সম্মান করিব না, বাহুল্যের জন্য তোমাকে সম্ভ্রম করিব না, কেবল মন দেখিয়া তোমাকে পূজা করিব। তুমি যদি স্বয়ং অমানুষ হও, অথচ দণ্ডধর হইয়া আমাকে দণ্ডদানে উদ্যত হও, তথাপি আমি দণ্ডভয়ে কদাচ তোমাকে দণ্ডবৎ করিব না। কিন্তু তুমি যদি পবিত্র চিত্তে সাধু স্বভাবে ভিক্ষার ঝুলি ধারণ করিয়া আগমন কর, তবে তোমার দর্শনমাত্রেই আমি ধূলি ধূসরিতাঙ্গ হইয়া পদতলে প্রণত হইব। অতএব যদি মানুষ হইবার অভিলাষ থাকে তবে মনকে বিমল কর ও সরল হও। আপনি ছোট হইলেই বড় হইবে, আপনাকে বড় জানিলে কখনও বড় হইতে পারিবে না।

**অথবা**

মহাবীর শিখ এক পথ বাহি যায়,
পথিপার্শ্বে কুষ্ঠ রোগী পড়িয়া ধরায়।
বেদনায় হতভাগ্য, করিছে চিৎকার,
ক্ষতস্থান বহি তার পড়ে রক্তধার।

BELLAL HOSSAIN MONDAL

দেখিয়া বীরের মনে দয়া উপজিল,
শিরস্ত্রাণ খুলি তার ক্ষত বাঁধি দিল।
শিরস্ত্রাণ কহে, মাথে, "ছিলাম নগণ্য
কুষ্ঠের চরণে পড়ি হইলাম ধন্য"।



BELLAL HOSSAIN MONDAL